

# বি এস এন এল এমপ্লয়িজ ইউনিয়ন

(রেজি: নং ৪৮৯৬)

পশ্চিমবঙ্গ সার্কেল

২৪৯ডি, বি.বি. গাঙ্গুলী স্ট্রীট, কলকাতা-৭০০ ০১২

সার্কুলার নং : ৫

বিভাগীয় ও শাখা সম্পাদকদের প্রতি :

কমরেডস,

বড় লড়াইয়ের মধ্য দিয়ে আজ অষ্টম মেম্বারশিপ ভেরিফিকেশনের কাজ সমাপ্ত হয়েছে। গত দুই মাস ধরে প্রায় প্রতিটি শাখা ও বিভাগীয় ইউনিট তার নিজ নিজ স্তরে প্রচার সভা সংগঠিত করে প্রচার আন্দোলন সফল করেছে। একাংশ ইউনিয়নের মধ্যে ভোট না করার অপচেষ্টা থাকলেও বি.এস.এন.এল.ই.ইউ-এর প্রচেষ্টা ছিল যাতে কর্মচারীরা এই ভোট দান প্রক্রিয়াতে যুক্ত হয়। প্রাপ্ত তথ্য অনুযায়ী প্রায় ৯৬ শতাংশ কর্মচারীরা ভোট দিয়েছেন। গ্যাংটক, দার্জিলিং-এর পাহাড় থেকে দক্ষিণের ডায়মন্ড হারবার পর্যন্ত সর্বত্র ভোট নিয়ে এই আলোচনা ছিল তুঙ্গে। সার্কেল ইউনিয়নের পক্ষ থেকে সকলকে জানাই অভিনন্দন। ফলাফল পর্যালোচনা আমাদের অবশ্যই করতে হবে। কিন্তু এই মুহুর্তে আমাদের করণীয় কাজ নিম্নরূপ :

- ১) আগামী ২০সেপ্টেম্বরের মধ্যে নিয়মিত কর্মচারীদের বেতন না হলে সর্বত্র বিক্ষোভ সমাবেশ সংগঠিত করতে হবে। ২১ সেপ্টেম্বর সিজিএমটি-র কাছে বিক্ষোভ কর্মসূচী পালন করা হবে।
- ২) “পুঞ্জের আগে বেতন চাই- ক্যাজুয়াল-কন্ট্রাক্ট কর্মচারীদের ”এই দাবী নিয়ে ২৩-২৬শে সেপ্টেম্বর সমস্ত জি.এম/ডিজিএম স্তরে বিক্ষোভ কর্মসূচী করতে হবে।
- ৩) ২০শে সেপ্টেম্বর সমস্ত জায়গাতে রাষ্ট্রায়ত্ত্ব শিল্প বাঁচাও অভিযান পালন করুন। কলকাতায় রাষ্ট্রায়ত্ত্ব দপ্তর বাঁচাও কর্মসূচীতে বেলা ১টায় মিছিল। জমায়েত বিনি শো রুমা মিছিল করেই এই কর্মসূচীতে যোগ দিতে হবে।

- ৪) অষ্টম মেম্বারশিপ ভেরিফিকেশনের ফলাফল : সারা দেশে যে ফলাফল প্রকাশিত হয়েছে তা নিম্নরূপ :
- |  |                     |
|--|---------------------|
| সর্বভারতীয় ফলাফল : বি.এস.এন.এল.ই.ইউ - ৪৩.৪৪%  | এন.এফ.টি.ই - ৩৫.৩২% |
| পশ্চিমবঙ্গ সার্কেল : বি.এস.এন.এল.ই.ইউ - ৬৭.১৫% | এন.এফ.টি.ই - ১৪.৭৫% |

ইতিমধ্যেই এই মর্মে গুজব ছড়ানো হচ্ছে যে, বি.এস.এন.এল.ই.ইউ এবার প্রধান স্বীকৃত ইউনিয়নের মর্যাদা পাবে না, যেহেতু এন.এফ.টি.ই - ৩৫.৩২% ভোট পেয়েছে। এই ধারণা সম্পূর্ণ ভ্রান্ত। কারণ ইউনিয়নের স্বীকৃতি সংক্রান্ত যা আইন আছে সেই অনুযায়ী বি.এস.এন.এল.ই.ইউ পুনর্বীর “প্রধান স্বীকৃত ইউনিয়ন” এবং এন.এফ.টি.ই “দ্বিতীয় স্বীকৃত ইউনিয়ন ”এর মর্যাদা লাভ করবে। এছাড়াও ভোট প্রাপ্তির সংখ্যা অনুযায়ী কাউন্সিলে বি.এস.এন.এল.ই.ইউ ৮টি আসন এবং এন.এফ.টি.ই ৬টি আসন পাবে।

- ৫) ক্যাজুয়াল কন্ট্রাক্ট কর্মচারীদের বেতন কমিয়ে দেওয়া বা কাজের দিন কমিয়ে দেওয়া নিয়ে কর্মসূচী চূড়ান্ত হবে আগামী শনিবার দুটি সংগঠনের যুক্ত সভা থেকে। একই সময়ে বয়স কমিয়ে দেওয়া নিয়ে ক্যাজুয়াল কর্মচারীদের সমস্যা সমাধানে এখনই জি.এম/টিডিএম স্তরে এখনই উদ্যোগ নিতে হবে। জি.এম (এইচ.আর) এ নিয়ে এমনই আদেশ জারী করেছে।

অভিনন্দন সহ,

২০ সেপ্টেম্বর ১২  
৥ প্রকাশনা



অনিমেষ মিত্র  
সম্পাদক